

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর



নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ আফতাব হোসেন উপপরিচালক
সভার তারিখ	০৪ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	১০.০০ ঘটিকা
স্থান	উপপরিচালকের কার্যালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে বিগত ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ তুলে ধরেন। কর্মপরিকল্পনায় বাস্তবায়নহীন যেসকল বিষয় রয়েছে সেগুলো বাস্তবায়ন, তদারকি, পরিবীক্ষণ ও মূল্যায়নে নৈতিকতা কমিটির দায়িত্ব সভায় আলোচিত হয়। বিভাগের অধিক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ে বিদ্যমান সকল কার্যালয়ের নিজ নিজ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও “আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩” এর নির্দেশনা মোতাবেক প্রমাণক সংরক্ষণের বিষয়টি বিস্তারিত আলোচনা হয়। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্গত শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের আওতায় গ্রহীত “রাজস্ব বাজেটের আওতায় পোনা অবমুক্তি কার্যক্রম পরিবীক্ষণ” বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কার্যক্রম বাস্তবায়নে দুর্নীতি প্রতিরোধ ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে সভাপতি সরকারি ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালা এবং “মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি এবং বর্ষাপ্লাবিত খানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলী-২০১২ (সংশোধিত)” এর পরিপূর্ণ অনুসরণের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত ১

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুসারে রাজস্ব বাজেটের আওতায় পোনা অবমুক্তি কার্যক্রম পরিবীক্ষণপূর্বক প্রতিবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কার্যালয়ে প্রেরণ ও প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।

সিদ্ধান্ত ২

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৭ অক্টোবরের মধ্যে অব্যবহিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মোঃ আফতাব হোসেন
উপপরিচালক


স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০৭.১৯.৩০০

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯

১৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
- ২) সিনিয়র সহকারী পরিচালক, নেত্রকোণা/শেরপুর
- ৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর
- ৪) সহকারী পরিচালক, ময়মনসিংহ
- ৫) মোঃ শফিকুল ইসলাম, খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মাসকান্দা, ময়মনসিংহ



মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক